

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ দাস-দাসীর সাথে ব্যবহার রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

দাস-দাসীর ভুলকে ক্ষমা করা

আপনি যেমন ভুল করেন, ঠিক তেমনই দাস-দাসীরও কার্যক্ষেত্রে ভুল হতেই পারে। সুতরাং আপনি যেমন চান, আপনার ভুল ক্ষমার্হ হোক, ঠিক তেমনই দাস-দাসীর ভুলকেও ক্ষমা করে দিন। এক ব্যক্তি এসে জিজ্ঞাসা করল, হে আল্লাহর রসূল! আমি আমার চাকরকে কতবার ক্ষমা করব? উত্তরে তিনি বললেন, "প্রত্যহ ৭০ বার।"[1]

ফুটনোট

[1]. আবূ দাউদ, তিরমিযী, সহীহ তারগীব ২২৮৯

• Source — https://www.hadithbd.com/books/link/?id=8086

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন